

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 21 April, 2025

আলোচিত-সমালোচিত কনটেন্ট ক্রিয়েটর হিরো আলমকেও ছাড় দিলেন না প্রবাসী লেখিকা তসলিমা নাসরিন। স্ত্রীর সঙ্গে আলমের ভুল বোঝাবুঝিকে ‘পুরুষতান্ত্রিকতা’ অ্যাখ্যা দিয়ে কটাক্ষ করেছেন তিনি। ফেসবুকে এ নিয়ে পোস্ট করে আলমের স্ত্রী রিয়ামনিকে নিজের পায়ে দাঁড়ানোর পরামর্শ দিয়েছেন এই লেখিকা।

তসলিমা নাসরিন লিখেছেন, ‘মাঝে মাঝে ভাবি রিয়ামনির মতো স্মার্ট মেয়ে কী কারণে হিরো আলমের মতো একটা লোককে বিয়ে করেছিল! হিরো আলমের টাকা আছে বলে? ভেবেছিলাম অন্য কোনও গুণ না থাকলেও একটি গুণ হিরো আলমের হয়তো আছে, মেয়েদের হয়তো ব্যক্তি হিসেবে সম্মান করে সে। প্রচুর মানুষের সঙ্গে মিশেছে সে, তার নাম হয়েছে, তার ভিডিও ভাইরাল হয়েছে। হয়তো জীবন সম্পর্কে ধারণা এখন আগের চেয়ে স্পষ্ট হয়েছে, হয়তো যতটা উদার ছিল, সংবেদনশীল ছিল, তার চেয়ে আরও বেশি হয়েছে।

স্ত্রীর প্রতি আলমের আচরণকে কটাক্ষ করে তিনি লিখেছেন, ‘আমি ভুল ভেবেছিলাম। রিয়ামনির বিরুদ্ধে যেভাবে সে নোংরা ভাষায় কথা বলছে, যেভাবে তাকে হেয় করার জন্য উঠে পড়ে লেগেছে, যেভাবে তাকে হিংস্র আক্রমণ করছে, কটুর পুরুষতান্ত্রিক না হলে করা যায় না। রিয়ামনি যেহেতু স্বামীর অনুমতি ছাড়া ঘরের বাইরে গিয়েছে, যেহেতু স্বামীর অনুমতি ছাড়া অন্য কারও সঙ্গে ভিডিও বানিয়েছে, যেহেতু হাসপাতালে গিয়ে স্বামীর বাবার সেবায়ত্ন করেনি, যেহেতু তার বাবার পাশে বসে থাকেনি রাত-দিন, যেহেতু বাবার মৃত্যু হলে শিয়রে বসে অঝোরে কাঁদেনি, সেহেতু হিরো আলম জানিয়ে দিয়েছে রিয়ামনির মতো স্ত্রী সে চায় না।

আলমকে চরম কটাক্ষ করে তসলিমা লিখেছেন, ‘এমন চরম নারীবিরোধী চরিত্রকে লোকে বাহবা দেবে, তার কাছ থেকে শিখবে যে, স্ত্রী মানেই চাকরানী, স্ত্রী মানেই দাসী। শিখবে, স্ত্রীর দায়িত্ব স্বামী এবং স্বামীর আত্মীয়স্বজনকে সেবা করা, স্বামীর অনুমতি ছাড়া ঘরের বাইরে না বেরোনো, নিজের ইচ্ছে ছুড়ে ফেলা, নিজের কাজ পণ্ড করা, নিজের জীবন বিসর্জন দেওয়া। হিরো আলম জনগণকে শেখাচ্ছে যে স্বামী পরকীয়া করলেও স্ত্রীকে পতিব্রতা স্ত্রী হিসেবে স্বামীর আদেশ নির্দেশ পালন করতে হবে, কারণ স্বামী হলো প্রভু, আর স্ত্রী জিনিসটি দাসি শুধু নয়, ক্রীতদাসী।

রিয়ামনিকে পরামর্শ দিয়ে তিনি লিখেছেন, ‘রিয়ামনি, আমার বিশ্বাস, এই নোংরা নারীবিরোধী সমাজে পাছে লোকে কিছু বলের তোয়াক্কা না করে নিজের পরিচয় নিয়ে, নিজের যোগ্যতায় মাথা উঁচু করে দাঁড়াবে।

ফেসবুকে বাংলাদেশ নিয়ে সরব তসলিমা। আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে বাংলাদেশ নিয়ে একের পর এক মিথ্যা ও ভুল তথ্য শেয়ার করে যাচ্ছেন তিনি। ভুল স্ট্যাটাস দিয়ে গুজব ও ঘৃণা ছড়িয়ে যাচ্ছেন বাংলাদেশ ছেড়ে যাওয়া এই লেখিকা।

হিরো-আলম তসলিমা-নাসরিন দাম্পত্য জীবন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:29

URL: <https://timestodaybd.com/public/entertainment/1195240075>